বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি/৪২৭/১০১২

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত বিভিন্ন পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**সহকারী অধ্যাপক:** গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল ২০১৫ **২২ টি স্থায়ী পদ** ইংরেজি বিভাগ (২টি), গণিত বিভাগ (১টি), সমাজবিজ্ঞান (১টি), অর্থনীতি বিভাগ (১টি), বাংলা বিভাগ (১টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (২টি), আইন বিভাগ (২টি), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (১টি), রসায়ন বিভাগ (২টি), উদ্ভিদবিজ্ঞান বিভাগ (১টি), ভূ-তত্ত্ব ও খণিবিদ্যা বিভাগ (১টি), পদার্থ বিজ্ঞান বিভাগ (১টি), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (১টি), দর্শন বিভাগ (৩টি), গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ (১টি), প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিজ্ঞান বিভাগ (১টি)	সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন একটিতে প্রথম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ন্যূনপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। তবে ইংরেজি এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সিজিপিএ ৩.৫০ প্রাপ্ত যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সেক্ষেত্রে সিজিপিএ ৩.৪৫ প্রাপ্ত যোগ্য আবেদনকারীকে বিবেচনা করা যেতে পারে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ে/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩(তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্নাল/বই-এ কমপক্ষে ১(এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিল করা যেতে পারে।
২.	**প্রভাষক:** গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫ **৪০ টি স্থায়ী পদ** গণিত বিভাগ (১টি), সমাজবিজ্ঞান বিভাগ (২টি), অর্থনীতি বিভাগ (১টি), মার্কেটিং বিভাগ (১টি), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ (১টি), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ (১টি), বাংলা (২টি) লোক প্রশাসন বিভাগ (১টি), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ (১টি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (৩টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (৩টি), আইন বিভাগ (১টি), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (২টি), রসায়ন বিভাগ (৩টি), উদ্ভিদবিজ্ঞান বিভাগ (৩টি), ভূ-তত্ত্ব ও খণিবিদ্যা বিভাগ (২টি), পদার্থ বিজ্ঞান বিভাগ (৩টি), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (২টি), দর্শন বিভাগ (৩টি), গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ (২টি), প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিজ্ঞান বিভাগ (২টি)	প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন একটিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ন্যূনপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। তবে ইংরেজি এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সিজিপিএ ৩.৫০ প্রাপ্ত যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সেক্ষেত্রে সিজিপিএ ৩.৪৫ প্রাপ্ত যোগ্য আবেদনকারীকে বিবেচনা করা যেতে পারে। উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/এইচএসসি/স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর যেকোন একটিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০, কিংবা বরিশাল বিশ্ববিদ্যালয়-এর ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লেক সার্কাস (৩য় তলা), কলাবাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে), ঢাকা-১২০৫ থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড ৬ এবং গ্রেড ৯ পদের জন্য ০৮ (আট) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা **২০/১২/২০১৮** তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ালিপি (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোনো যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে "ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়", সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ব ব্যাংকের যে কোনো শাখা থেকে গ্রেড ৬-এর পদের জন্য ১৫০০/- টাকা, গ্রেড ৯-এর পদের জন্য ১২০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার থেকে ফিটনেস সার্টিফিকেট সংগ্রহপূর্বক যোগদান করতে হবে।
(ঝ)	যোগ্য প্রার্থীদের মধ্যে অধূমপায়ী ব্যক্তিকে প্রাধিকার দেয়া যেতে পারে।
(ঞ)	গ্রেড ৯ পদে আবেদনকারীর বয়সসীমা সর্বাধিক ৩০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য।

স্বা-
রেজিস্ট্রার

H:\21th Advertisement\21 Advertisement-sd.docx